দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 21 SEP 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ... ৭ ...

# ঢাবিতে মাস্টার্স ইন জাপানিজ স্টাডিজের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের জাপান স্টাডি সেন্টারের মাস্টার্স ইন জাপানিজ স্টাডিজের ১৪তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরিন আহমেদ। সেন্টারের পরিচালক অধ্যাপক ড. আবুল বারকাতের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অর্থনীতি বিভাগের অধ্যাপক ও জাপান স্টাডি সেন্টারের খণ্ডকালীন শিক্ষক ড. শফিক উজ জামান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও জাপান স্টাডি সেন্টারের রিসোর্স পার্সন ড. স. ম. আলী রেজা, জাপান স্টাডি সেন্টারের সহকারী অধ্যাপক আবদুল্লাহ-আল-মামুন, প্রভাষক ড. দিলরুবা শারমিন ও প্রভাষক লোপামুদ্রা মালেক প্রমুখ।